



কলেজ-স্তরের শিক্ষা অর্জনের এখনই শুরু

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

গত সপ্তাহে, ব্রংক্সে অবস্থিত ওয়ার্ল্ড ভিউ হাই স্কুলের এক দল শিক্ষার্থী লিহম্যান কলেজে ছয় বা এরচেয়ে বেশি কলেজ ক্রেডিট অর্জন করে যে চমৎকার সাফল্য দেখিয়েছে তা উদযাপন করতে আমি সেখানে পরিদর্শন করেছি। তারা এখনও কলেজ শিক্ষার্থী নয়, কিন্তু তারা আগেই কলেজ স্তরের শিক্ষা শুরু করে দিয়েছে, সেজন্যে কলেজ নাও (College Now) প্রোগ্রামটিকে ধন্যবাদ।

কলেজ নাও হলো সিটি ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক-এর (CUNY) সাথে একটি অংশীদারিত্ব যা আমাদের হাই স্কুল শিক্ষার্থীদেরকে গ্র্যাজুয়েট হবার আগেই CUNY-এর বিভিন্ন কোর্সে এনরোল বা নথিভুক্ত হবার সুযোগ দেয়, যা পরবর্তীতে তাদেরকে উভয় সময় এবং ট্যুইশন (বেতন) সাশ্রয়ে সহায়তা করে।

এটি আমাদের অফিস অভ স্টুডেন্ট পাথওয়েজ-এর কলেজ এবং পেশাজীবনের প্রস্তুতি নতুন আঙ্গিকে পুনর্ভাবনা করার বিভিন্ন উপায়ের একটি। ফিউচাররেডিএনওয়াইসি (FutureReadyNYC) এবং ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন (পেশা এবং প্রযুক্তি শিক্ষা)-এর মতো বিভিন্ন উদ্যোগের পাশাপাশি, 'কলেজ নাও' শিক্ষার্থীদেরকে উভয় উচ্চ শিক্ষা এবং কর্মজীবনে সাফল্য লাভে বিভিন্ন দক্ষতা, জ্ঞান, এবং সুযোগ প্রদানের মাধ্যমে প্রস্তুত করে।

বছরের এই সময়ে, আমাদের স্কুলগুলো সক্রিয়ভাবে সিনিয়র শিক্ষার্থীদেরকে তাদের পরবর্তী ধাপগুলোর জন্য প্রস্তুত হতে সহায়তা করছে। মনে রাখবেন, সকল গ্র্যাজুয়েট হতে যাওয়া NYC পাবলিক স্কুল শিক্ষার্থীকে একটি CUNY প্রোগ্রামে ভর্তির নিশ্চয়তা দেয়া হয়, এবং 21 নভেম্বর পর্যন্ত আমাদের শিক্ষার্থীদের CUNY আবেদনের ফি (অর্থ) মওকুফ করা হয়।

অতিরিক্ত তথ্য ও পরামর্শের সুযোগের জন্য, [আমাদের ওয়েবসাইট](#) দেখুন। এবং CUNY, আমাদের অনেক অংশীদার, আমাদের পরিবারবর্গ, এবং আমাদের কর্মীবৃন্দ, এবং অন্য সকলে, যারা আমাদের শিক্ষার্থীদের জন্য উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন, তাদেরকে ধন্যবাদ।

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যাম্পেলর

চ্যাম্পেলরের স্পটলাইট:

শিক্ষার্থীরা সাফল্যের পথে অগ্রসর হতে উচ্চ-মানসম্পন্ন সুযোগ লাভ করে তা নিশ্চিত করতে আমাদের অফিস অভ স্টুডেন্ট পাথওয়েজ-এর টিম কলেজ নাও এবং ফিউচারেডিএনওয়াইসি (FutureReadyNYC) -এর মতো বিভিন্ন প্রোগ্রাম গড়ে তুলতে এবং সেগুলিতে সহায়তা দিতে তীক্ষ্ণ দৃষ্টি রেখেছে। ক্রিস্টেন হ্যারিস (Kristen Harris), এক্সিকিউটিভ ডিরেক্টর অভ কলেজ অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং, বলেছেন, “যখন বিভিন্ন ব্যবস্থা শিক্ষার্থীদের পাশে দাঁড়ায়, তখন বাধা অপসারিত হয়, সুযোগ বাড়ে, এবং প্রতিটি শিক্ষার্থী নিজেকে ভবিষ্যতের দিকে ধাবিত একটি স্বচ্ছ পথে দেখতে পায়।”

কোনো ব্যক্তি অথবা প্রোগ্রামকে চ্যাম্পেলরের স্পটলাইট-এর জন্য [এখানে](#) মনোনয়ন দিন।

আমাদের হাইলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব](#) পেজ দেখুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:

- উজ্জ্বল ভবিষ্যতের জন্য শিক্ষার্থীদেরকে প্রস্তুত করতে আর্থিক সাক্ষরতা একটি অপরিহার্য অংশ। [কিশোর-কিশোরীদের জন্য বাজেটের মৌলিক বিষয় এবং ভোক্তা বিষয়ক পরামর্শ-এ মনোনিবেশকৃত নতুন বিষয়বস্তু দ্যা মর্নিং বেল-এ](#) দেখে নিন।
- বিভিন্ন অতিরিক্ত খবর এবং তথ্য-সংস্থানের জন্য, অনলাইনে [ফেসবুক](#), [ইনস্টাগ্রাম](#), [X](#), এবং [ইউটিউব-এ](#) NYCPS-কে অনুসরণ করুন।
- মেয়র এরিক অ্যাডামস্-এর (Eric Adams) কাছ থেকে ভিডিওর মাধ্যমে সর্বসাম্প্রতিক তথ্য পেতে [মেয়রের অফিসের ইউটিউব পেজটি](#) দেখুন। এছাড়াও আপনি মেয়রের অফিস থেকে সরাসরি [সর্বসাম্প্রতিক তথ্য পেতে সাইন আপ](#) করতে পারেন।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে, অনুগ্রহ করে [আনসাবস্কাইব-এ](#) ক্লিক করুন।